

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, মে ২২, ২০১৬

বাংলাদেশ সরকারের “The Project for Human Resource Development Scholarship”-
শীর্ষক প্রকল্পে ২০১৬ অর্থ-বছরে জাপান সরকার ৩৯৩ মিলিয়ন জাপানী ইয়েন (সমপরিমাণ আনুমানিক
২৭.৪০ কোটি টাকা বা ৩.৪৯৫ মিলিয়ন মার্কিন ডলার অনুদান-সহায়তা প্রদান করবে। এ বিষয়ে আজ
বাংলাদেশ সরকার ও জাপান সরকারের মধ্যে “বিনিময় নোট” এবং “অনুদান চুক্তি” স্বাক্ষরিত হয়।
বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন
উক্ত “বিনিময় নোট” এবং “অনুদান চুক্তি”তে স্বাক্ষর করেন। জাপান সরকারের পক্ষে বাংলাদেশে নিযুক্ত
জাপানের মান্যবর রাষ্ট্রদূত Mr. Masato Watanabe “বিনিময় নোটে” এবং ঢাকায় নিযুক্ত জাইকা’র
চিফ রিপ্রেজেন্টেটিভ Mr. Mikio Hataeda “অনুদান চুক্তি”তে স্বাক্ষর করেন।

এ প্রকল্পটি ২০০১ সাল হতে চলমান এবং তা জুন ২০২০ পর্যন্ত চলবে। জাপান সরকার প্রতি বছর
এ প্রকল্পে অনুদান-সহায়তা প্রদান করে এবং প্রতি বছর জাপান সরকারের সঙ্গে “বিনিময় নোট” ও
“অনুদান চুক্তি” স্বাক্ষরিত হয়ে থাকে। প্রকল্পটির অনুকূলে ২০১৫ সাল পর্যন্ত মোট ৩,৯৩৭ মিলিয়ন
জাপানী ইয়েন অনুদান সহায়তা পাওয়া গিয়েছে। এ প্রকল্পের আওতায় বিসিএস ক্যাডার কর্মকর্তা এবং
বাংলাদেশ ব্যাংকের প্রথম শ্রেণীর কর্মকর্তাগণকে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ২ বৎসর মেয়াদী
মাস্টার্স কোর্সে অধ্যয়নের লক্ষ্যে বৃত্তি প্রদান করা হয়। এ প্রকল্পের অধীনে জাপানে অধ্যয়নের সুযোগপ্রাপ্ত
কর্মকর্তাগণকে প্রদত্ত বৃত্তির শতভাগ অর্থ JICA কর্তৃক জাপানে প্রদান করা হয়। এ পর্যন্ত ২২৬ জন
কর্মকর্তা এ প্রকল্পের আওতায় জাপান হতে মাস্টার্স ডিগ্রি অর্জন করেছেন। বর্তমানে ৩৯ জন কর্মকর্তা
জাপানে অধ্যয়নরত আছেন এবং ৩০ জন কর্মকর্তা সর্বশেষ ব্যাচে জাপানে অধ্যয়নের জন্য নির্বাচিত
হয়েছেন।

জাপান বাংলাদেশের একক বৃহত্তম দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগী দেশ। বাংলাদেশের সার্বিক
অর্থনৈতিক উন্নয়নে জাপান গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। নমনীয় ঋণ ছাড়াও জাপান বিভিন্ন প্রকল্পে
অনুদান ও কারিগরী সহায়তা প্রদান করছে, যার মধ্যে মানব সম্পদ উন্নয়ন এবং পরিবেশ সুরক্ষা হচ্ছে
বিশেষভাবে উল্লেখযোগ্য। এ ছাড়াও ঋণ মওকুফ তহবিলের আওতায় জাপান বাংলাদেশকে বিভিন্ন প্রকল্পে
সহায়তা প্রদান করে আসছে।



(মনোরঞ্জন বিশ্বাস)
যুগ্ম সচিব।